

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ২৪৯৮

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৮৮. সীমানা নির্ধারিত হয়ে গেলে শুফ'আর অধিকার থাকে না

بَابُ إِذَا وَقَعَتِ الْحُدُودُ فَلَا شُفْعَةَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْجَرَّاحِ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مَيْسَرَةَ، عَنْ عَمْرِو بْنِ الشَّرِيدِ، عَنْ أَبِي رَافِعٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " الشَّرِيكُ أَحَقُّ بِسَقْبِهِ مَا كَانَ " .

বাংলা

৩/২৪৯৮। আবু রাফে (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শরীক নিকটতর হওয়ার কারণে শুফ'আর দাবিতে অগ্রগণ্য।

English

It was narrated from Abu Rafi' that the Messenger of Allah (ﷺ) said:
"The partner has more right to what is near him, so long as he is still a partner."

ফুটনোট

ইবনু মাজাহ ২৪৯৫, সহীহুল বুখারী ২২৫৮, ৬৯৭৭, ৬৯৭৮, ৬৯৮০, ৬৯৮১, নাসায়ী ৪৭০২, আবু দাউদ ৩৫১৬, আহমাদ ২৬৬৩৯, ইরওয়া ১৫৩৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ ইবনুল জাররাহ সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিসের ব্যাপারে নির্ভরযোগ্য। আবু যুরআহ আর-রাযী তাকে সত্যবাদী বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩১৯৯, ১৪/৩৬১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু রাফি' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43114>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন